গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
ভালুকা, ময়মনসিংহ
www.bhaluka.mymensingh.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১১৩.০০০.০০০.২০.০০০১.২৬.৭২৫

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩, বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬, খ্রিষ্টাব্দ

## ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ" তারিখ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ভালুকা উপজেলায় তথ্য সংগ্রহের জন্য **তথ্য সংগ্রহকারী** ও **সুপারভাইজার** স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ ও পদ সংখ্যা | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র ও আবেদন পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী<br><br>(পৌরসভা/ইউনিয়ন সমূহের প্রতি ওয়ার্ডে ০১ জন করে রিজার্ভসহ মোট ১২০ জন) | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br><br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br><br>গ) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ❖ অনলাইন গুগুল ফর্মে ও আবেদন ফর্মে পূরণ<br>ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ<br>খ) জাতীয় পরিচয় পত্রের কপি<br>গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ<br>ঘ) পাসপোর্ট সাইজের ছবি ০৩ কপি সংশ্লিষ্ট কার্যালয়ে ২৪/০৭/২০২৬ খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে। |
| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র ও আবেদন পদ্ধতি |
| ০২ | সুপারভাইজার<br><br>(পৌরসভা ও প্রতি ইউনিয়নে রিজার্ভ সহ মোট ১৪ জন ) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%++<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডাটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>ঙ) সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ❖ অনলাইন গুগুল ফর্মে ও আবেদন ফর্মে পূরণ<br>ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ<br>খ) জাতীয় পরিচয় পত্রের কপি<br>গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ<br>ঘ) পাসপোর্ট সাইজের ছবি ০৩ কপি সংশ্লিষ্ট কার্যালয়ে ২৪/০৭/২০২৬ খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ ও উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ এর ওয়েবসাইটে আবেদনপত্র ফর্ম ডাউনলোড লিংক www.dss.bhaluka.mymensingh.gov.bd ও গুগল লিংক https://forms.gle/ER1FfYTaNVtkdQyv7 পাওয়া যাবে এবং সামাজিক যোগাযোগ মাধ্যম লিংক https://web.facebook.com/profile.php?id=100090849383221 (উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ)।

**আবেদন ফরম দাখিলের স্থান:** উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ ।

CamScanner

**আবেদন ফরম দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র.নং | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় | |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬খ্রি. দুপুর ০২.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ | ❖ **আবেদনকারীকে অবশ্যিকভাবে গুগল ফর্মে ও নির্ধারিত আবেদন ফর্মে আবেদন করে সকল কাগজপত্রাদি সহ হার্ডকপি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় আবেদন বাতিল হবে।** |

**বিঃদ্রঃ কমিটি/কর্তৃপক্ষ প্রয়োজনের যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।**

**শর্তাবলীঃ**

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারিকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘণ্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবেলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

21/07/26

(মোঃ ফিরোজ হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ভালুকা, ময়মনসিংহ
মোবাইল-০১৭৩৩৩৭৩৩৩৪
ই-মেইল: unobhaluka@mopa.gov.bd

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬ ময়মনসিংহ-১১ (ভালুকা);
২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩। পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ;
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ;
৬। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৭। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৮। চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ;
৯। সহকারী কমিশনার (ভূমি), ভালুকা, ময়মনসিংহ;
১০। অফিসার ইনচার্জ, ভালুকা মডেল থানা, ভালুকা, ময়মনসিংহ;
১১। সদস্য,........................, ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, ভালুকা, ময়মনসিংহ **(বহুল প্রচারের অনুরোধ সহ)**;
১২। সদস্য,......................, ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত পৌরসভা/ইউনিয়ন কমিটি, ভালুকা, ময়মনসিংহ **(বহুল প্রচারের অনুরোধ সহ)**;
১৩। উপজেলা............................................কর্মকর্তা, ভালুকা, ময়মনসিংহ;
১৪। চেয়ারম্যান/প্রশাসক,................................পৌরসভা/ইউনিয়ন পরিষদ (সকল), ভালুকা, ময়মনসিংহ **(বহুল প্রচারের অনুরোধ সহ)**;
১৫। সভাপতি/ সাধারণ সম্পাদক প্রেসক্লাব, ভালুকা, ময়মনসিংহ **(বহুল প্রচারের অনুরোধ সহ)**;
১৬। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা, ময়মনসিংহ **(প্রত্যেক মসজিদের মাইকে প্রচারের অনুরোধ সহ)**;
১৭। জনাব/জনাবা........................................................................ এবং
১৮। অফিস নথি/মাস্টার ফাইল।

২১/০৭/২৬

**রুবেল মন্ডল**
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ভালুকা, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬-৭২৬৮৬
মোবাইল : ০১৭০৮-৪১৫০০০ (দাপ্তরিক)
ইমেইল : usso.bhaluka@dss.gov.bd

CamScanner